

“বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার তহবিল”

কৃষি ক্ষেত্রে সার্বিক উন্নয়নের লক্ষ্যে কৃষি সংশ্লিষ্ট সকল ব্যক্তি/প্রতিষ্ঠানকে কৃষি খাতে নতুন নতুন জ্ঞান অর্জন, কৃষি প্রযুক্তি উদ্ভাবন ও এর সম্প্রসারণের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালনের জন্য উৎসাহিত করার উদ্দেশ্যে ১৯৭৩ সালে রাষ্ট্রপতির আদেশ নং ২৯/১৯৭৩ এর মাধ্যমে “বঙ্গবন্ধু পুরস্কার তহবিল” গঠন করা হয়। পরবর্তীতে উক্ত আদেশ বাতিল পূর্বক “রাষ্ট্রপতি পুরস্কার তহবিল অধ্যাদেশ-১৯৭৬” প্রবর্তন করা হয়। ১৯৮৩ সালে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক Instruction on National Award বিষয়ক এক প্রজ্ঞাপন জারীর মাধ্যমে রাষ্ট্রপতির পুরস্কারকে “President’s Agricultural Development Award” যা বাংলায় “রাষ্ট্রপতির কৃষি উন্নয়ন পুরস্কার” হিসেবে উল্লেখ করা হয়। অতঃপর ১৯৯৭ সালে ১৯ নং আইনের মাধ্যমে “রাষ্ট্রপতি পুরস্কার তহবিল অধ্যাদেশ ১৯৭৬” কে সংশোধন করে “বঙ্গবন্ধু পুরস্কার তহবিল” গঠন করা হয়। পরবর্তীতে ২০০২ সনের ৩৪ নং আইন দ্বারা “বঙ্গবন্ধু পুরস্কার তহবিল” সংশোধন করে “জাতীয় কৃষি পুরস্কার তহবিল” করা হয়। সর্বশেষ গত ৯ জুলাই ২০০৯ তারিখে ২০০৯ সনের ৩৯ নং আইন দ্বারা “জাতীয় কৃষি পুরস্কার তহবিল” সংশোধন করে “বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার তহবিল” নামকরণ করা হয়। মাননীয় কৃষিমন্ত্রী উক্ত ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান। এছাড়া মাননীয় পরিবেশ ও বন মন্ত্রী, মাননীয় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী, বাংলাদেশ সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত একজন বিচারপতি, দুই জন মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ ব্যাংকের গভর্নর মহোদয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর ভাইস চ্যান্সেলর এবং কৃষি সচিব মহোদয় উক্ত ট্রাস্টি বোর্ডের সদস্য।

৩। এই আইনের বিধান মতে ট্রাস্টি বোর্ডের অন্যতম দায়িত্ব হলো বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় সকল কার্য সম্পাদন, পুরস্কার তহবিলের যথাযথ ব্যবস্থাপনা, বিনিয়োগ এবং তহবিল থেকে ব্যয় নির্বাহ করা।

৪। নিয়ম অনুযায়ী ট্রাস্টি বোর্ডের অনুমোদনের মাধ্যমে নিম্নরূপভাবে কৃষি পুরস্কার দেয়া হয়ঃ

- (ক) প্রথম পুরস্কার -৫টি স্বর্ণ পদক ও প্রতিটিতে নগদ ১,০০,০০০/- টাকা।
- (খ) দ্বিতীয় পুরস্কার -৯টি রৌপ্য পদক ও প্রতিটিতে নগদ ৫০,০০০/- টাকা।
- (গ) তৃতীয় পুরস্কার -১৮টি ব্রোঞ্জ পদক ও প্রতিটিতে নগদ ২৫,০০০/- টাকা।

১৩৮৩ বাংলা সন (১৯৭৬-৭৭ খ্রিস্টাব্দ) হতে এ পর্যন্ত মোট ২২ বার ১০০৯ জনকে এ পদক প্রদান করা হয়। এর মধ্যে ৬০ জনকে স্বর্ণ, ৩৩৯ জনকে রৌপ্য এবং ৬১০ জনকে ব্রোঞ্জ পদক প্রদান করা হয়। গত ০৭/০১/২০১৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ওসমানী স্মৃতি মিলনায়তনে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২০ প্রদান করা হয়।

‘বঙ্গবন্ধু পুরস্কার’ থেকে শুরু করে ‘বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার’ পদকের বিবরণ:

এ পর্যন্ত পদক প্রাপ্তদের সংখ্যা:

বাংলা সন	ইংরেজি সন	স্বর্ণ	রৌপ্য	ব্রোঞ্জ	মোট
১৩৮৩	১৯৭৬-৭৭ (বিশেষ স্বর্ণ পদক ৩টি)	৪	৭১	০	৭৫
১৩৮৫	১৯৭৮-৭৯	১	৭৩	০	৭৪
১৩৮৯	১৯৮২-৮৩	২	১৫	১৭	৩৪
১৩৯০	১৯৮৩-৮৪	২	১৪	৩৪	৫০
১৩৯১	১৯৮৪-৮৫	২	১৫	৭১	৮৮
১৩৯২	১৯৮৫-৮৬	২	১৫	৭০	৮৭
১৩৯৩	১৯৮৬-৮৭	১	১০	২৫	৩৬
১৩৯৪	১৯৮৭-৮৮	১	১০	২৪	৩৫
১৩৯৫	১৯৮৮-৮৯	২	৭	৫০	৫৯
১৩৯৬	১৯৮৯-৯০	২	১০	৭৫	৮৭
১৩৯৭	১৯৯০-৯১	১	৫	২৩	২৯
১৩৯৮	১৯৯১-৯২	১	৯	৪৬	৫৬
১৪০৩	১৯৯৭-৯৮	২	৯	১৭	২৮
১৪০৪	১৯৯৮-৯৯	৩	৯	১৭	২৯
১৪০৫	১৯৯৯-২০০০	৩	৯	১৮	৩০
১৪০৬	২০০০-০১	৩	৯	১৮	৩০
১৪০৯	২০০৫-০৬	৫	৯	১৮	৩২
১৪১৫	২০০৮-০৯	৫	৯	১৮	৩২
১৪১৭	২০১০-১১	৪	৭	১৭	২৮
১৪১৮	২০১১-১২	৪	৭	১৭	২৮
১৪১৯	২০১২-১৩	৫	৮	১৭	৩০
১৪২০	২০১৩-১৪	৫	৯	১৮	৩২
	মোট=	৬০	৩৩৯	৬১০	১০০৯